দৈনিক
ইনকিলাব

তারিখ ..... 8 · JUN · 200৪ ..
পৃষ্ঠা .. ৩ .. কলাম .... ৩ ......



# বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন চেয়ারম্যানের স্টামফোর্ড ইউনিভার্সিটি পরিদর্শন

**প্রেস বিজ্ঞপ্তি ঃ** বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান প্রফেসর এম আসাদুজ্জামান ৫ জুন স্টামফোর্ড ইউনিভার্সিটির ধানমন্ডি ও সিদ্ধেশ্বরী ক্যাম্পাস পরিদর্শন করেন। সকাল ১০টায় ধানমন্ডি ক্যাম্পাসে মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান প্রফেসর এম আসাদুজ্জামান পৌঁছলে তাকে অভ্যর্থনা জানান স্টামফোর্ড ইউনিভার্সিটি বাংলাদেশের প্রেসিডেন্ট ও ভাইস চ্যান্সেলর ডঃ এম এ হান্নান ফিরোজ। ক্যাম্পাস পরিদর্শন শেষে প্রফেসর এম আসাদুজ্জামান এক প্রতিক্রিয়ায় সন্তোষ প্রকাশ করে বলেন, এই ইউনিভার্সিটি নিয়ে আমি সত্যিই আশাবাদী। স্টামফোর্ড ইউনিভার্সিটির মত এত বড় ক্যাম্পাস ও অন্যান্য সুযোগ-সুবিধা অন্য কোন বেসরকারী বিশ্ববিদ্যালয়ের আছে কিনা তা আমার জানা নেই।



*বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান প্রফেসর এম আসাদুজ্জামান গত ৫ জুন স্টামফোর্ড ইউনিভার্সিটি পরিদর্শন করেন*